

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৮৯৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. প্রথম অনুচ্ছেদ - সিজদা ও তার মর্যাদা

بَابُ السُّجُودِ وَفَضْلِهِ

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا قَرَأَ ابْنُ آدَمَ السَّجْدَةَ فَسَجَدَ اعْتَزَلَ الشَّيْطَانُ يَبْكِي يَقُولُ: يَا وَيْلَتِي أُمِرَ ابْنُ آدَمَ بِالسُّجُودِ فَسَجَدَ فَلَهُ الْجَنَّةُ وَأُمِرْتُ بِالسُّجُودِ فَأَبَيْتُ فَلِيَ النَّارُ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৮৯৫-[৯] উক্ত রাবী [আবু হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আদম সন্তানরা যখন সাজদার আয়াত পড়ে ও সিজদা (সিজদা/সেজদা) করে, শায়তান (শয়তান) তখন কাঁদতে কাঁদতে একদিকে চলে যায় ও বলে হয় আমার কপাল মন্দ। আদম সন্তান সাজদার আদেশ পেয়ে সিজদা (সিজদা/সেজদা) করলো, তাই তার জন্য জান্নাত। আর আমাকে সাজদার আদেশ দেয়া হয়েছিল আমি তা অমান্য করলাম। আমার জন্য তাই জাহান্নাম। (মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : মুসলিম ৮১, ইবনু মাজাহ্ ১০৫২, আহমাদ ৯৭১৩, সহীহ ইবনু হিব্বান ২৭৫৯, সহীহ আল জামি' ৭২৭, সহীহ আত্ তারগীব ৯৪৩৮। وَيْلَتِي يَا وَيْلَتِي يَا وَيْلَتِي অংশটি মুসলিমে এভাবে নেই এবং وَيْلَتِي يَا وَيْلَتِي আকারে রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম ত্বীবী বলেন, ইবলীসের এ আফসোস বা হতাশা মূলত আদম সন্তানদের বিরুদ্ধে হিংসার জন্য তার অসম্মানকর অবস্থা ও তার উপর লা'নাতের চিত্র ফুটে উঠা প্রমাণ করে।

হাদীসটি সাজদার ফাযীলাত প্রমাণ করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55454>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন